রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ২৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৯, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৬৩—৫৭৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৮৫—৮৪৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪৯-২৫৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৯৩—৭২৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**

**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩/১৬ জুন ২০২৬

**নং ১১.০০.০০০০.০০০.৮০৩.০৬.০০০২.২৬.৪৯২**—সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (২০২১ সালের অক্টোবর পর্যন্ত সংশোধিত) এর ৫(১)(খ) বিধি অনুযায়ী পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মাননীয় স্পীকার নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের 'বাছাই কমিটি' পুনর্গঠন করেছেন:

সভাপতি

১. সিনিয়র সচিব/সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

সদস্যবৃন্দ

২. অনুবিভাগ প্রধান (এএস), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৩. অনুবিভাগ প্রধান (এফএন্ডপিআর), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৪. অনুবিভাগ প্রধান (এলএস), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৫. জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

৬. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

সদস্য-সচিব

৭. অনুবিভাগ প্রধান (মানব সম্পদ), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

০২। **কমিটির কার্যপরিধি:**

(ক) এই কমিটি উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও উহাদের সম পদমর্যাদাসম্পন্ন পদসমূহে পদোন্নতির বিষয়ে সুপারিশ প্রদান করবে; এবং

(খ) উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও উহাদের সম পদমর্যাদাসম্পন্ন পদসমূহে নিয়োজিত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন, উচ্চতর গ্রেড প্রদান ও অন্যান্য বিষয়ে সুপারিশ প্রদান করবে।

০৩। সংশ্লিষ্ট অধিশাখা ও মানব সম্পদ শাখা-১ বাছাই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৪। বাছাই কমিটি গঠন সংক্রান্ত গত ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/০৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের ১১.০০.০০০০.০০০.৮০৩.০৬.০০০২.২৬.২০৫ নং প্রজ্ঞাপন এতদ্দ্বারা বাতিল করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্পীকারের আদেশক্রমে

**মোহাম্মদ এনামুল আহসান**
উপসচিব (মানব সম্পদ)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৪ জুন ২০২৬

বিষয়: **মাদারীপুর জেলার শিবচর উপজেলার দ্বিতীয় খণ্ড ইউনিয়ন এবং শিবচর পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ শাহ আলম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০২০.৭২-৮০**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শাহ আলম মাদারীপুর জেলার শিবচর উপজেলার দ্বিতীয় খণ্ড ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে কর্মরত থাকার তথ্য গোপনপূর্বক এবং স্থায়ী ঠিকানা বিষয়ে তথ্যের মিথ্যা বর্ণনা প্রদান করে পুনরায় গত ০১-০৮-২০১৬ খ্রি. তারিখে বিচার-৭/২এন-২০/৭২-৩৭৪ নং স্মারকে শিবচর পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স হাসিল করতঃ বিধিবহির্ভূতভাবে দুটি লাইসেন্স ব্যবহার করে উভয় অধিক্ষেত্রে ৯ বছরেরও অধিক সময় ধরে বিবাহ নিবন্ধন কার্যক্রম পরিচালনা করার বিষয়টি দালিলিক সাক্ষের ভিত্তিতে সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১(১) অনুযায়ী অসদাচরণ হিসেবে গণ্য হওয়ায় তার নামীয় গত ১১-০৪-২০০৪ খ্রি. তারিখে ৩৬৪-বিচার-৭/২এন-১৬০/৭৭ নং স্মারকের এবং গত ০১-০৮-২০১৬ খ্রি. তারিখে বিচার-৭/২এন-২০/৭২-৩৭৪ নং স্মারকের উভয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে অধিক্ষেত্র দুটি শূন্য ঘোষণাপূর্বক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারদ্বয়কে বিধি মোতাবেক উক্ত দুটি অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ শাহ আলম এর নিকট হতে উভয় অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত বালাম বহিসহ যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত বিধি ৬ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, মাদারীপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বীমা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/১৬ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.০০০.৪১১.১১.০০০১.২৪-২১৫**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ৫(২) অনুযায়ী মীর নাদিয়া নিভিন'কে অন্যান্য সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে কার্যভার গ্রহণের তারিখ হতে ৩ (তিন) বছর মেয়াদে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। তাঁর বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি সরকারের সাথে সম্পাদিত চুক্তির মাধ্যমে নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবরাউল হাসান মজুমদার**
উপসচিব।

---

**বীমা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/১৭ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.০০০.৪১১.১১.০০০১.২৪-২১৬**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯-এর ধারা ৯(১)(গ)-এর বিধান অনুযায়ী জীবন বীমা কর্পোরেশন-এর পরিচালনা বোর্ডের অর্থ বিভাগের প্রতিনিধি ক্যাটাগরিতে পরিচালক হিসেবে ইতোপূর্বে নিয়োগপ্রাপ্ত মিজ নুরজাহান খানম (পরিচিতি নম্বর-১৫৬১৫), যুগ্মসচিব, অর্থ বিভাগ-এর স্থলে মিজ্ ফেরদৌস রওশন আরা (পরিচিতি নম্বর-৬৫৪৬), অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-কে তাঁর যোগদানের তারিখ হতে ৩ (তিন) বছর অথবা অর্থ বিভাগে চাকুরিরত থাকাকালীন মেয়াদে (যেটি পূর্বে ঘটে) পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবরাউল হাসান মজুমদার**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]**
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**সংস্থাপন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩/২৩ মে ২০২৬

**নং ৪০.০১০.০৩৮.০১.০০.০৫১.২০১০-৯৫**—যেহেতু, জনাব মোঃ সাইকুল ইসলাম, উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর ঢাকায় কর্মরত থাকা অবস্থায় (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত সংযুক্ত: প্রধান কার্যালয়, ঢাকা) তার বিরুদ্ধে শ্রম অধিদপ্তরে বিভিন্ন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশনের আবেদন নিষ্পত্তিতে সেবা গ্রাহকের সাথে অবৈধ আর্থিক লেনদেনের বিষয়ে আলাপরত একটি ভিডিও এবং অডিও ক্লিপ বেসরকারি টিভি (আরটিভি) চ্যানেলে প্রকাশিত হয়। দাপ্তরিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে তাকে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ে বদলির (সংযুক্তি) অনুরোধ জানিয়ে শ্রম অধিদপ্তর হতে বিগত ১১-০৭-২০২৪ তারিখে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। সেপ্রেক্ষিতে, জনাব মোঃ সাইকুল ইসলাম-কে প্রাপ্ত অভিযোগের বিষয়ে কেনো তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না ব্যাখ্যাসহ দাখিল করার জন্য কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়।

০২। যেহেতু, জনাব সাইকুল ইসলামের দাখিলকৃত কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনায় বর্ণিত অভিযোগসমূহে তার সম্পৃক্ততার সত্যতা রয়েছে মর্মে প্রাথমিকভাবে প্রতীয়মান হওয়ায় বিষয়টি অধিকতর পরীক্ষা/নিরীক্ষা ও পর্যালোচনা করে প্রশাসনিক তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য শ্রম অধিদপ্তর কে নির্দেশনা প্রদান করা হয়; একই সাথে বিগত ১৮-০৭-২০২৪ তারিখ হতে তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করে আদেশ জারি করা হয়। শ্রম অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের মতামত অনুযায়ী জনাব মোঃ সাইকুল ইসলাম কর্তৃক অবৈধ অর্থ গ্রহণের বিষয়টির সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) এবং ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে বিভাগীয় মামলা ০১/২০২৪ রুজুপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশনা প্রদান করে বিগত ২৫-০৮-২০২৪ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

০৩। যেহেতু অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন। অতঃপর ১২-১১-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার লিখিত ও মৌখিক জবাব পর্যালোচনায় বিষয়টি অধিকতর তদন্তের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ মোজাম্মেল হক-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে, অভিযুক্ত জনাব মোঃ সাইকুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) এবং ৩ (খ) ও (ঘ) উপবিধি অনুযায়ী 'অসদাচরণ' এবং 'দুর্নীতি পরায়ণ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধের আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় অভিযুক্ত জনাব মোঃ সাইকুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এবং 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৭ এর উপবিধি ৮ অনুযায়ী গুরুদণ্ডাদেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহণক্রমে কেন তাকে 'নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে' অবনমিতকরণ এর গুরুদণ্ডাদেশ প্রদান করা হবেনা সে বিষয়ে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়।

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ সাইকুল ইসলাম নির্ধারিত তারিখের মধ্যে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রেরণ করেন। জবাবে তিনি ভিডিও ক্লিপে প্রদর্শিত আর্থিক লেনদেন সংক্রান্ত তথ্য চিত্রটি কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স প্রযুক্তি ব্যবহার করে সুপার এডিট করে তার ছবি এবং ভয়েস এডিটিং করে এ ভিডিওটি তৈরি করা হয়েছে মর্মে উল্লেখ করেছেন। বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রমে অভিযোগের সাথে সংশ্লিষ্ট সেবা গ্রহিতা হিসেবে ফমকম ফ্যাশন লিঃ, গাজীপুর এর শ্রমিক কিংবা শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ, একতা শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক এবং তথা কথিত সাংবাদিক আরটিভির রিপোর্টারের মতামত ও জবানবন্দি নেয়া হয়নি। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্তের মৌখিক কোনো বক্তব্য শ্রবণ না করে শুধুমাত্র লিখিত জবাব গ্রহণ করেছেন। তাকে দালিলিক কিংবা প্রাসঙ্গিক কোনো সাক্ষী উপস্থাপনের সুযোগ প্রদান করা হয়নি। এছাড়া, তদন্ত কর্মকর্তা সেবা গ্রহীতা হিসেবে কারো সাক্ষ্য না নিয়ে শুধুমাত্র শ্রম অধিদপ্তরের কতিপয় কর্মকর্তা ও কর্মচারীর সাক্ষ্য নিয়েছেন। তবে তার সম্মুখে কারো সাক্ষ্য গ্রহণ করা হয়নি এবং তিনি সাক্ষীদের জেরা করার সুযোগ হতে বঞ্চিত হয়েছেন। এছাড়া, তাকে সাফাই সাক্ষী উপস্থাপনের সুযোগ প্রদান করা হয়নি, ইত্যাদি উল্লেখ করে তিনি কর্তৃপক্ষের নিকট বিনীত প্রার্থনাপূর্বক দাখিলকৃত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বরখাস্তকালীন সময়ে বেতন-ভাতা ও অন্যান্য বকেয়াসহ যাবতীয় পাওনাদি পরিশোধের জন্য বিনীত অনুরোধ করেছেন।

০৫। জনাব মোঃ সাইকুল ইসলাম, উপপরিচালক (সাময়িক বরখাস্ত), এর বিরুদ্ধে ১ম ও ২য় তদন্ত প্রতিবেদন, গৃহীত সাক্ষীদের সাক্ষ্য, অভিযুক্তের দাখিলকৃত জবাব, আরটিভির নিউজ এবং আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করা হলো। আরটিভির নিউজ এর পরিপ্রেক্ষিতে ঘুষ গ্রহণের অভিযোগে তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। ১ম ও ২য় তদন্তে আরটিভি কর্তৃপক্ষের পক্ষে কোনো সাংবাদিক তদন্ত কমিটিতে উপস্থিত হয়ে ঘুষ গ্রহণের পক্ষে কোনো সাক্ষ্য দেননি বা কথিত ঘুষ দাতাও তদন্ত কমিটির সম্মুখে হাজির হয়ে সাক্ষ্য প্রদান করেননি। অপরপক্ষে অভিযুক্ত মোঃ সাইকুল ইসলাম ঘুষ গ্রহনের বিষয়টি অস্বীকার করে তদন্ত কমিটিতে সাক্ষ্য দেন এবং লিখিত বক্তব্য দাখিল করেন। ফলে দেখা যায় ১ম ও ২য় তদন্ত কমিটি কর্তৃক শুধুমাত্র পারিপার্শ্বিক অবস্থা ও আরটিভি এর সংবাদের উপর ভিত্তি করে অভিযুক্তকে দোষী সাব্যস্ত করা হয়েছে। তাই অভিযুক্তকে গুরুদন্ডের পরিবর্তে লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৬। এমতাবস্থায়, জনাব মোঃ সাইকুল ইসলাম, উপপরিচালক (সাময়িক বরখাস্ত)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর ১ (ক) এবং উপ-বিধি ২ (১) (খ) অনুসারে লঘুদন্ড হিসেবে আগামী ০১ (এক) বৎসরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করার দন্ড প্রদান করা হলো। তিনি দন্ডের মেয়াদ শেষে স্থগিতকৃত বার্ষিক বেতন বৃদ্ধির কোনো বকেয়া প্রাপ্য হবেন না। তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধিমোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন। একই সাথে মামলাটি নিষ্পত্তি করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান তরফদার**
সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩/১৬ জুন ২০২৬

**নং ৪৩.০০.০০০০.১১৪.০৬.০৩১.২০০৯/২৭৭**—১৯৬৮ সালের (সংশোধিত, ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো:

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | নাম: নিগামনের মসজিদ<br>গ্রাম: দক্ষিণ দিঘলদী<br>উপজেলা: ভোলা সদর<br>জেলা: ভোলা | দক্ষিণ দিঘলদী | ৩৫৮(এসএ)<br>২৪১৫<br>(বিআরএস) | ৩২৪(এসএ)<br>৫৩৭<br>(বিআরএস) | ০.০২ একর | পূর্বে-ছাদেক আহাম্মদের বাগান<br>পশ্চিমে-ছাদেক আহাম্মদের বাগান<br>উত্তর-ছাদেক আহাম্মদের বাগান<br>দক্ষিণে-ছাদেক আহাম্মদের বাগান | এস এ রেকর্ডীয় মালিকাঃ ছাদেক আহাম্মদ (শ্রেণি: মসজিদ)<br>বি আর এস রেকর্ডের মাঠ পর্চা অনুযায়ী: নিজাম উদ্দিন বাড়ীর মসজিদ পক্ষে সেক্রেটারী [শ্রেণি: মসজিদ] | হ্যাঁ | বিআরএস জরিপের চূড়ান্ত প্রকাশনা হয়নি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-০৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩/২১ জুন ২০২৬

**নং ৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০৩.২৪-৩৯**—যেহেতু জনাব মোঃ তাকি আল যাওয়াদ, সাবেক বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট (চ.দা.) (মূলপদ: সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৩(গ) অনুযায়ী পলায়ন (Desertion), এর অভিযোগে ০৩/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত মামলার অভিযোগ তদন্তের নিমিত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা অভিযোগের ভিত্তিতে প্রকাশ্যে ও গোপনে সাক্ষ্য-প্রমাণ, দাপ্তরিক নথিপত্র, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জবানবন্দি, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য, জেরা এবং মামলার সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনান্তে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করেন যে, জনাব মোঃ তাকি আল যাওয়াদ-এর বিরুদ্ধে আনীত পলায়ন (Desertion)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ২(চ) অনুযায়ী রাষ্ট্রপক্ষ কর্তৃক আনীত "পলায়ন (Desertion)" অভিযোগ এবং বিধি ৩(গ) অনুযায়ী "পলায়নের দায়ে দোষী" অপরাধটি প্রমাণিত মর্মে মত প্রদান করা হয়েছে;

যেহেতু, সরকার তদন্ত প্রতিবেদন, মামলার নথিপত্র এবং সংশ্লিষ্ট সকল বিষয় পর্যালোচনান্তে তদন্ত কর্মকর্তার প্রতিবেদনের সঙ্গে একমত পোষণ করে জনাব মোঃ তাকি আল যাওয়াদ-এর বিরুদ্ধে আনীত পলায়ন (Desertion)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪(৫) (ঘ) অনুযায়ী পলায়নের অপরাধে তিরস্কার ব্যতীত অন্য যে কোনো দণ্ড আরোপের বিধান রয়েছে; এবং

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪(১)(খ) এর অধীন প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ তাকি আল যাওয়াদ, সাবেক বিভাগীয় বৈদ্যুতিক প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট (চ.দা.) (মূলপদ: সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী)-কে প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ডে দণ্ডিত করা হলো। দণ্ডাদেশ কার্যকর থাকাকালীন ০২ (দুই) বছর মেয়াদে তিনি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) ও বেতন-সংক্রান্ত কোনো আর্থিক সুবিধা লাভের জন্য বিবেচিত হবেন না। দণ্ডের নির্ধারিত মেয়াদ অতিবাহিত হওয়ার পর কোনো পৃথক আদেশ ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মকর্তা পূর্বের ন্যায় চাকরিগত সুবিধা প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মো: ফাহিমুল ইসলাম**
সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**বিআরটিএ সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ জুন ২০২৬/২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩

**নং ৩৫.০০.০০০০.০২০.৯৯.০১৮.২৬-৩১৬**—সড়ক পরিবহন আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪৪ ও ১২৪ (১)(থ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য নিম্নরূপ আদেশ জারি করল:

(ক) প্রতিটি গণপরিবহনে জিপিএস সংযুক্ত করতে হবে;

(খ) গণপরিবহন পরিচালনার সময় সংযুক্ত জিপিএস বাধ্যতামূলকভাবে চালু রাখতে হবে; এবং

(গ) গণপরিবহনের ফিটনেস ইস্যু ও নবায়নের সময় সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-২৫ এবং সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ এর বিধি ৫৫-তে বর্ণিত আইটেমসমূহ পরীক্ষার পাশাপাশি জিপিএস সংযুক্তকরণ নিশ্চিত হয়ে বিআরটিএ কর্তৃক রেজিস্ট্রেশন ও ফিটসেন সনদ নবায়ন করতে হবে।

২। এ বিষয়ে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) গণবিজ্ঞপ্তি জারি করবে।

৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ আগামী ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-১১**
**এল এ কেস নং ৮৮/৬৯-৭০**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ৬ জুলাই ২০০০ ইং

**নং ১অ(চুয়া)-১৪/২০০০/২৫১**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১০ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৬-০৩-৭০ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্টে বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

গঙ্গা কপোতাক্ষ সেচ পূর্নবাসন প্রকল্পেরর খাল খননের জন্য।

**তফসিল**

মৌজাঃ কুমারী, জে, এল, নং- ৭০/৪, উপজেলাঃ আলমডঙ্গা, জেলা- চুয়াডাঙ্গা।

| খতিয়ান নং সি, এস | দাগ নং | পরিমাণ (একর) |
|---|---|---|
| ৭১৯ | ১৫০০ আং | .০২ |
| ১৪৫০ | ১৫০১ " | .০৭ |
| ৭২৪ | ১৫০২ " | .০১ |
| ৭০৪, ৭০২ | ১৯৪১ " | .১০ |
| ১২৪৬ | ১৯৪২ " | .১০ |
| ১৯২৯ | ১৯৪৩ " | .০৮ |
| ১৫৪৬ | ১৫৩৫ " | .১২ |
| ১৩৭৫ | ১৯৩৮ " | .০২ |
| ১৯৩৪ | ১৯৩৭ " | .১০ |
| ১৬৬০/১৯৪৯ | ১৯৩৬ " | .১৯ |
| ১৫৪৬ | ১৫৩৭ " | .১৫ |
| ১৪২৪ | ১৫৩৮ " | .১৫ |
| ১১৮৩ | ১৫৪৬ " | .২২ |
| ১১৭৩ | ১৯২০ " | .০২ |
| ১১৯৮/১৯৬৫ | ১৯১৮ " | .২০ |
| ১১৫৪ | ১৯১৯ " | .১৯ |
| ১৬৪২, ১৭৩৫ | ১৯১১ " | .১২ |
| ১২৩৩, ১৭৩৫ | ১৯১২ " | .০২ |
| ১৭৩৫ | ১৯১০ " | .০৪ |
| ১৬১৪, ১৬৪৪, ১৭৪২ | ১৯০৯ " | .১৩ |
| ১৭৪২, ১৬১৬ | ২০৫০ " | .১২ |
| ১৬৪৪ | ১৯৩৫ " | .০২ |
| | **মোট =** | **২.১৯ একর কম/বেশি মাত্র** |

জমির নকশা চুয়াডাঙ্গা ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহাবুদ্দিন খান**
সিনিয়র সহকারী সচিব।

**শাখা নং-০৫**

**এল এ কেস নং-৭১/৭০-৭১**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ২৩ মার্চ ২০০২ ইং

**নং ভূঃমঃশাঃ-০৫/হুঃদঃ/১অঃ(চুয়া)-৪০/২০০০-২০২**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তি সমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১০ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৩১-০৯-৭৪ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

গঙ্গা কপোতাক্ষ প্রকল্পেরর খাল খননের জন্য হুকুম দখল করা হলো।

**তফসিল**

মৌজা: খাসকররা, জে, এল, নং- ১১৬, থানা: আলমডাঙ্গা, জেলা- চুয়াডাঙ্গা।

| খতিয়ান নং সি, এস | দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ১০২৯ | ৭৩৭২ আং | .০৩ |
| ১০৩০ | ৭৩৭২ ” | .০৩ |
| ৮১ | ৭৩৭৪ ” | .০৪ |
| ৩১০ | ৭৩৭৫ ” | .১৫ |
| | **মোট =** | **.২৫ একর** |

সর্বমোট জমির পরিমাণ .২৫ একর জমি কম বেশি।

জমির নকশা চুয়াডাঙ্গা ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**MD. SHAHABUDDIN KHAN**

Senior assistant secretary.

**শাখা নং-১১**

**এল এ কেস নং-১৪/৭৮-৭৯**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ০৩ অক্টোবর ২০০০ ইং

**নং ভূঃমঃশাঃ-১১/হুঃদঃ/১অঃ(চুয়া)-২৬/২০০০-৩৯৬**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তি সমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১০ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৭-০৯-৭৯ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

বি, এ, ডি, সি, গুদামঘর নির্মানের জন্য হুকুম দখল করা হলো।

**তফসিল**

মৌজা: মনিরামপুর, জে, এল, নং- ৩, উপজেলা: চুয়াডাঙ্গা, জেলা- চুয়াডাঙ্গা।

| খতিয়ান নং সি, এস | দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৬৮ | ২৪০৪ আং | .৩১ |
| ১৪১ | ২৪০৩ ” | .৪২ |
| ৬৮১ | ২৪০৯ ” | .১৬ |
| ৬৮ | ২৪০৫ ” | .৪০ |
| ১৪৪ | ২৪১০ ” | .৬৩ |
| ৫০ | ২৪১১ ” | .০৬ |
| ৫৬ | ২৪১২ ” | .০২ |
| ৩৩৯ | ২৩৩৫ ” | .০২ |
| | **মোট =** | **২.০২ একর** |

সর্বমোট: ২.০২ একর কম বেশি মাত্র।

জমির নকশা চুয়াডাঙ্গা ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহাবুদ্দিন খান**

সিনিয়র সহকারী সচিব।

**শাখা নং-৫**

**এল এ কেস নং-৯৫/৬৯-৭০**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ০৪ ডিসেম্বর ২০০০ ইং

**নং ভূঃমঃশাঃ-৫/হুঃদঃ/১অঃ(চুয়া)-৩৬/২০০০-৪৬০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তি সমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১০ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৫-১২-৭০ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

গঙ্গা কপোতাক্ষ প্রকল্পেরর খাল খননের জন্য হুকুম দখল করা হলো।

**তফসিল**

মৌজা: রুয়াকুলি, জে, এল, নং- ৮১, উপজেলা: আলমডাঙ্গা, জেলা- চুয়াডাঙ্গা।

| খতিয়ান নং সি, এস | দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ২০১ | ৯০৯ আং | .০৯ |
| ২০১ | ৯০৮ " | .০৩ |
| ২৫ | ৯০৬ " | .০৩ |
| ৯৩ | ৯০৪ " | .০২ |
| ১৩৪ | ৯০৩ " | .০৫ |
| ২৭১ | ৯০০ " | .১৩ |
| ৩৯৬ | ৮৯৯ " | .০৯ |
| ৯০ | ৮৯৪ " | .০৯ |
| ৫৮ | ৯৯২ " | .০৯ |
| ১৭৬ | ৯৯৩ " | .০৭ |
| ১০৯ | ৯৯৪ " | .১১ |
| ৩০২ | ৯৯৫ " | .০১ |
| ৩০২ | ৯৯৬ পূর্ণ | .০৭ |
| ৩০২ | ৯৯৭ আং | .০২ |
| ১৪৩ | ১০০৭ " | .০৭ |
| ২২৭ | ১০০৮ " | .০৭ |
| ১৪৩ | ১০০৯ " | .০৩ |
| ২২৭ | ১০১০ " | .১৩ |
| ৯৯ | ১০১৩ " | .১৮ |
| ৮৮ | ১০৩৮ " | .০৭ |
| ২১১ | ৮১৭ " | .০১ |
| ২৭ | ৮১৬ " | .০৫ |
| ১৫৯ | ৮১৫ পূর্ণ | .০৮ |
| ৪০ | ৮১২ আং | .০২ |
| ১৫৯ | ৮১৪ " | .০১ |
| ৭৩ | ৮১৩ " | .০১ |
| | **মোট =** | **১.৬৩ একর** |

সর্বমোট জমির পরিমাণ ১.৬৩ একর কম বেশি মাত্র।

জমির নকশা চুয়াডাঙ্গা ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহাবুদ্দিন খান**
সিনিয়র সহকারী সচিব।

---

**এল এ কেস নং ১৮/৮১-৮২**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ০৪ ডিসেম্বর ২০০০ ইং

**নং ভূঃমঃশাঃ-৫/হুঃদঃ/১অঃ(চুয়া)-২২/২০১১-১৭৪**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১০ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৫-৩-৮২ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে।

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্টে বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তি সমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

গঙ্গা কপোতাক্ষ প্রকল্পেরর খাল খননের জন্য হুকুম দখল করা হইল।

**তফসিল**

মৌজা: কুলচারা, জে, এল, নং-৫০, উপজেলা: চুয়াডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গা।

| খতিয়ান নং সি, এস | দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ২৮ | ৭৯৭ | .২০ |
| ৮৯ | ৮০২ | .১০ |
| ৮৯ | ৮০৩ | .০৮ |
| ২৩৫ | ৮০৪ | .১৫ |
| ৩৭২ | ৮০৫ | .১১ |
| ২৯ | ৮০৬ | .১৩ |
| ৪২০ | ৮০৭ | .১৩ |
| ৪৭ | ৭৬৪ | .৪৩ |
| ৪৬৪ | ৭৬৩ | .২৫ |
| ১৪১ | ৮০৯ | .০১ |
| ২১৬ | ৭৮৬ | .০৩ |
| ৪৪৯ | ৭৮৫ | .০৪ |
| ৩০৫ | ৭৮৪ | .০৩ |
| ১২০ | ৭৮৩ | .০২ |
| ২৬১ | ৭৮২ | .০৫ |
| ২৪০ | ৭৮০ | .০৮ |
| | **সর্বমোট =** | **১.৮৪ একর কম/বেশি মাত্র** |

জমির নকশা চুয়াডাঙ্গা ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন্নেছা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**অধিগ্রহণ-২ শাখা**

**এল এ মামলা নম্বর ০২/১৯৭২-৭৩**

**সংশোধনী ঘোষণা বিজ্ঞপ্তি (ঘ ফরম)**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩/১৮ জুন ২০২৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৪৬.২৫-৯৭—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ধারা মোতাবেক ১৪-০৯-১৯৭২ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার ৫ উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার সম্পত্তি/সম্পত্তিসমূহের অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখল সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা: সিলেট, উপজেলা: সিলেট সদর, মৌজা: সাদিপুর, জে.এল. নং: ৯৮।

| দাগ নং | পরিমাণ (একর) |
|---|---|
| ২৪৩ পূর্ণ | ০.২৪০০ |
| ২৪৪ পূর্ণ | ০.২৭০০ |
| ২৪৫ পূর্ণ | ০.২৭০০ |
| ২৪৬ পূর্ণ | ০.২০০০ |
| ২৪৭ পূর্ণ | ০.৯৮০০ |
| ২৪৮ পূর্ণ | ০.৮২০০ |
| ২৪৯ পূর্ণ | ০.৯৯০০ |
| ২৫০ পূর্ণ | ০.৭৯০০ |
| ২৫১ পূর্ণ | ০.০৭০০ |
| ২৫২ পূর্ণ | ০.১৫০০ |
| ২৫৩ পূর্ণ | ০.০৫০০ |
| ২৫৪ পূর্ণ | ০.৩২০০ |
| ২৫৫ পূর্ণ | ০.১৪০০ |
| ২৫৬ পূর্ণ | ০.১৯০০ |
| ২৫৭ পূর্ণ | ০.২০০০ |
| ২৫৮ পূর্ণ | ০.২৯০০ |
| ২৫৯ পূর্ণ | ০.১৪০০ |
| ২৬০ পূর্ণ | ০.৬৮০০ |
| ৩৯৬ পূর্ণ | ০.৩২০০ |
| ৪০০ পূর্ণ | ০.৬১০০ |
| ৪০১ পূর্ণ | ০.০৫০০ |
| ৪০২ পূর্ণ | ০.০৯০০ |
| ৪০৩ পূর্ণ | ০.০৬০০ |
| ৪০৪ পূর্ণ | ০.১৪০০ |
| ৪০৫ পূর্ণ | ০.১৪০০ |
| ৪০৬ পূর্ণ | ০.২২০০ |
| ৪০৭ পূর্ণ | ০.২০০০ |
| ৪০৮ পূর্ণ | ০.২২০০ |
| ৪০৯ পূর্ণ | ০.২৮০০ |
| ৪১০ পূর্ণ | ০.৩৪০০ |
| ৪১১ পূর্ণ | ০.১৯০০ |
| ৪১২ পূর্ণ | ০.১৪০০ |

| দাগ নং | পরিমাণ (একর) |
|---|---|
| ৪১৩ পূর্ণ | ১.৪৯০০ |
| ৪১৪ পূর্ণ | ০.৪৯০০ |
| ৪১৫ পূর্ণ | ০.১৬০০ |
| ৪১৬ পূর্ণ | ০.২৫০০ |
| ৪১৭ পূর্ণ | ০.৩৬০০ |
| ৪১৮ পূর্ণ | ০.২২০০ |
| ৪১৯ পূর্ণ | ০.২০০০ |
| ৪২১ পূর্ণ | ০.১৫০০ |
| ৪২২ পূর্ণ | ০.১২০০ |
| ৪২৩ পূর্ণ | ০.১১০০ |
| ৪২৪ পূর্ণ | ০.৩৪০০ |
| ৪২৫ পূর্ণ | ০.১৩০০ |
| ৪২৬ পূর্ণ | ০.১৩০০ |
| ৪২৭ পূর্ণ | ০.১৯০০ |

| দাগ নং | পরিমাণ (একর) |
|---|---|
| ৪২৮ পূর্ণ | ০.১৪০০ |
| ৪২৯ পূর্ণ | ০.৪১০০ |
| ৪৩০ পূর্ণ | ০.৪৩০০ |
| ৪৩১ পূর্ণ | ০.২৭০০ |
| ৪৩২ পূর্ণ | ০.৬২০০ |
| ৪৩৩ পূর্ণ | ০.১৮০০ |
| ৪৩৪ পূর্ণ | ০.৪০০০ |
| ৪৩৫ পূর্ণ | ০.৪৩০০ |
| **সর্বমোট = ১৭.০১০০ একর** | |

** (বিস্তারিত দাগসূচি ও ভূমির নক্সা এই কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় সংশ্লিষ্ট নথির সঙ্গে সংরক্ষিত আছে)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-১ )**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/০৪ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৭১.০৩৩.০০৫.২৫-১৬৩**—মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখার ০৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৩১২.৯৯. ০০১.২১ নং স্মারকে জারীকৃত পত্রের নির্দেশনার আলোকে নিম্নোক্ত ছকের ২নং কলামে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নাম ৩নং কলাম অনুযায়ী পরিবর্তন করা হলো:

| ক্রমিক | শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান নাম | শিক্ষা প্রতিষ্ঠানের পরিবর্তিত নাম |
|---|---|---|
| ০১ | বাঁশখালী সরকারি বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়, বাঁশখালী, চট্টগ্রাম | বাঁশখালী সরকারি উচ্চ বিদ্যালয়, বাঁশখালী, চট্টগ্রাম |
| ০২ | পোমরা বঙ্গবন্ধু সরকারি উচ্চ বিদ্যালয়, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম | পোমরা সরকারি উচ্চ বিদ্যালয়, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম |
| ০৩ | রুবীরহাট বঙ্গবন্ধু সরকারি উচ্চ বিদ্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী | রুবীরহাট সরকারি উচ্চ বিদ্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী |
| ০৪ | শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সদর, বরিশাল | রূপাতলী সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সদর, বরিশাল |
| ০৫ | শহীদ আরজুমনি সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সদর, বরিশাল | কাউনিয়া সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সদর, বরিশাল |
| ০৬ | ফজিলাতুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাবর্তীপুর, দিনাজপুর | তজুমদ্দিন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাবর্তীপুর, দিনাজপুর |
| ০৭ | বঙ্গবন্ধু সরকারি উচ্চ বিদ্যালয়, পাবর্তীপুর, দিনাজপুর | পাবর্তীপুর সরকারি উচ্চ বিদ্যালয়, পাবর্তীপুর, দিনাজপুর |

| ক্রমিক | শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান নাম | শিক্ষা প্রতিষ্ঠানের পরিবর্তিত নাম |
|---|---|---|
| ০৮ | বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব সরকারি উচ্চ বিদ্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় | চিলাহাটি প্রামানিকপাড়া সরকারি উচ্চ বিদ্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় |
| ০৯ | শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় | টেপ্রীগঞ্জ হাজিরহাট সরকারি উচ্চ বিদ্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় |
| ১০ | শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর | চিনি তোলা সরকারি উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর |
| ১১ | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,বাহুবল, হবিগঞ্জ | বাহুবল মডেল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বাহুবল, হবিগঞ্জ |
| ১২ | শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, লালবাগ, ঢাকা | হাজারীবাগ সরকারি উচ্চ বিদ্যালয়, লালবাগ, ঢাকা |
| ১৩ | শেখ জামাল সরকারি মাধ্যমিক বিদ্যালয়, লালবাগ, ঢাকা | কামরাঙ্গীরচর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, লালবাগ, ঢাকা |
| ১৪ | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ক্যান্টনমেন্ট, ঢাকা | ঢাকা বিমান বন্দর সরকারি উচ্চ বিদ্যালয়, ক্যান্টনমেন্ট, ঢাকা |
| ১৫ | জুরাইন শেখ কামাল সরকারি উচ্চ বিদ্যালয়, শ্যামপুর, ঢাকা | জুরাইন সরকারি উচ্চ বিদ্যালয়, শ্যামপুর, ঢাকা |
| ১৬ | জাতির পিতা বঙ্গবন্ধু সরকারি হাই স্কুল, কালিয়াকৈর, গাজীপুর | চন্দ্রা সরকারি হাই স্কুল, কালিয়াকৈর, গাজীপুর |
| ১৭ | শেখ ফজিলাতুন্নেছা সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, শিবচর, মাদারীপুর | শিবচর ময়নাকাটি সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, শিবচর, মাদারীপুর |
| ১৮ | বঙ্গবন্ধু স্মৃতি সরকারি উচ্চ বিদ্যালয়, সদর, গোপালগঞ্জ | মাটলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সদর, গোপালগঞ্জ |
| ১৯ | শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয়, সদর, গোপালগঞ্জ | সরকারি জেলা স্কুল, সদর, গোপালগঞ্জ |
| ২০ | বঙ্গবন্ধু স্মৃতি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ | টুঙ্গিপাড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ২১ | চরভাপা বঙ্গবন্ধু সরকারি আদর্শ উচ্চ বিদ্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর | চরভাপা সরকারি আদর্শ উচ্চ বিদ্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর |
| ২২ | সরকারি বঙ্গবন্ধু বালিকা উচ্চ বিদ্যালয়, ফকিরহাট, বাগেরহাট | নোয়াপাড়া সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ফকিরহাট, বাগেরহাট |
| ২৩ | দি ফাদার অব দ্যা ন্যাশান বঙ্গবন্ধু শেখ মুজিব মেমোরিয়াল গভ স্কুল এ্যান্ড কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ | চাইবাড়ীয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ |
| ২৪ | শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, গোপালগঞ্জ | গোপালগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, গোপালগঞ্জ |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাম্মৎ রহিমা আক্তার**
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩/৩০ জুন ২০২৬

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.২২.৩১১**—১৯৬৮ সালের (সংশোধিত, ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | নাম: কালিবাড়ি ও শিববাড়ি মন্দির<br>গ্রাম: মঘিয়া<br>উপজেলা: কচুয়া<br>জেলা: বাগেরহাট | মঘিয়া | বিআরএস: ২৪৯ | ৭৩১ | ০.৬০ | পূর্বে-মোঃ সাফায়াত হোসেন এর জমি<br>পশ্চিমে-কচুয়া-দেপাড়া পাঁকা সড়ক<br>উত্তর-মো: কামরুল ইসলাম শেখ এর জমি<br>দক্ষিণে-আবুল হোসেন হাজরার জমি | বিআরএস খতিয়ান নং-২৪৯ এর বারোয়ারী কালী মন্দির কমিটির পক্ষে সেবাইত শংকর ভট্টাচার্য, পিং-অমূল্য কুমার ভট্টাচার্য-এর নামে রেকর্ড হয়েছে এবং মন্দিরের দখলে আছে। | হ্যা | -- |
| | | | | ৭৩২ | ০.১৮ | | | | |
| | | | | ৭৩৩ | ০.১৮ | | | | |
| | | | | ৭৩৪ | ০.২১ | | | | |
| | | | | ৭৩৫ | ০.৩৬ | | | | |
| | | | | ৭৪৬ | ০.০৬ | | | | |
| | | | | ৭৪৭ | ০.০৭ | | | | |
| | | | | মোট | ১.৬৬ | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।